বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

Evidence Gathering Tools

অ্যাসেসমেন্ট পরিচালনার সময় একজন অ্যাসেসরকে ক্যান্ডিডেটের কাম্পিটেন্সি যাচাই করার জন্য বিভিন্ন ধরনের এভিডেন্স সংগ্রহ করতে হয়। এই এভিডেন্সগুলি সংগ্রহ করতে গিয়ে কিছু টুলস-এর সাহায্য নেয়া হয় যাদেরকে এভিডেন্স গ্যাদারিং টুলস বলে। কয়েকটি প্রধান টুলস সম্পর্কে নিচে ধারনা দেয়া হলো।

Written Questioning:

ক্যান্ডিডেটের সংশ্লিষ্ঠ বিষয়ে আন্ডারপিনিং নলেজ যাচাই করতে লিখিত পরীক্ষা নেয়া এভিডেন্স সংগ্রহের একটি সাধারন পদ্ধতি। এক্ষেত্রে টুলস হিসাবে ব্যবহৃত হয় Written Questionnaire, Answer Sheet আর এভিডেন্স হিসাবে ব্যবহৃত হয় Written Questionnaire এর উত্তর সহ লিখিত কপি আর Written Questionnaire Checklist।

Observation Checklist:

অ্যাসেসমেন্ট চলাকালীন সময়ে যখন ক্যান্ডিডেট কোন জব পারফর্ম করতে থাকে, তখন অ্যাসেসর তার স্কিলস, অ্যাটিটিউড, কাজের ধারাবাহিকতা, সংশিষ্ট পারফর্মেন্স ক্রাইটেরিয়ার প্রতিটি পারফর্মেন্স পর্যবেক্ষণ করেন। এক্ষেত্রে অ্যাসেসর Observation Checklist নামে একটি টুল ব্যবহার করেন। পারফর্মেন্স যথাযথ মনে হলে Yes এর ঘরে টিক ☑ দেন, আর পারফর্মেন্স যথাযথ মনে না হলে No এর ঘরে টিক ☑ দেন। সবকিছু বিবেচনা করে অ্যাসেসর ক্যান্ডিডেটের পারফর্মেন্সকে ☐ Satisfactory অথবা ☐ Not yet Satisfactory বিবেচনা করে টিক চিহ্ন দেন। ব্যবহার করা হয়ে গেলে এই টুলসটিই এভিডেন্স হিসাবে ব্যবহৃত হয় আর তখন একে বলে Observation Report।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

Evidence Gathering Tools

Demonstration:

অ্যাসেসমেন্ট চলাকালীন সময়ে একটি জব সম্পাদন করতে গিয়ে ক্যান্ডিডেটকে বিশেষ কোন দক্ষতার ডেমোনস্ট্রেশন করতেহতে পারে। সেক্ষেত্রে অ্যাসেসর সেটি পর্যবেক্ষণ করেন আর টুলস হিসাবে ব্যবহার করেন ডেমোনস্ট্রেশন চেকলিস্ট। এই চেকলিস্টই ব্যবহারের পরে এভিডেন্স হিসাবে ব্যবহার করা যায়

Oral Questioning:

ক্যান্ডিডেটের আন্ডারপিনিং নলেজ যাচাইয়ের আরেকটি পদ্ধতি হলো তাকে মৌখিক প্রশ্ন করা। এক্ষেত্রে অ্যাসেসর টুলস হিসাবে Oral Questioning Checklist ব্যবহার করেন। এই ডকুমেন্টটিই পরে এভিডেন্স হিসেবে ব্যবহৃত হয়।

Third Party Report:

ক্যান্ডিডেটের পূর্বে কমপ্লিট করা কোন কাজের মুল্যায়ন রিপোর্ট যদি বর্তমান অ্যাসেসমেন্টের বিবেচ্য বিষয় হয়, তবে সেটি হলো Third party reportl থার্ড পার্টি রিপোর্ট অনেক সময় গুরুত্তপূর্ণ এভিডেন্স হিসাবে বিবেচিত হয়। তবে যেহেতু এটি একটি Indirect Evidence, ব্যবহারের পূর্বে অবশ্যই এর সত্যতা ও যথার্থতা যাচাই করে নিতে হবে।

Work related Project:

যে অকুপেশনাল লেভেলে অ্যাসেসমেন্ট পরিচালিত হচ্ছে তার সাথে সম্পর্কিত কোন প্রোজেক্ট পূর্বে করে থাকলে রিপোর্ট বা ডকুমেন্টগুলি বর্তমান অ্যাসেসমেন্টের জন্য এভিডেন্স বলে বিবেচিত হতে পারে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

Evidence Gathering Tools

Portfolio:

ক্যান্ডিডেটের একাডেমিক যোগ্যতা, কারিগরি দক্ষতা, প্রশিক্ষণের বিবরণী, কাজের পূর্ব অভিজ্ঞতা ইত্যাদি সবকিছুই ক্যান্ডিডেটের পোর্টফোলিও এর অংশ। অনেকসময় ক্যান্ডিডেটের পোর্টফোলিও খুব গুরুত্বপূর্ণ এভিডেন্স হয়ে ওঠে।